

GST-গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২৫-২৬

অনলাইনে আবেদনের নির্দেশিকা

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত ১৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নের ধাপগুলো অনুসরণ করে ১০/১২/২০২৫ তারিখ দুপুর ১২:০০টা হতে ২৪/১২/২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত আবেদন সম্পন্ন করা যাবে।

১: **Start Application** বাটনে ক্লিক করে চূড়ান্ত আবেদন শুরু করুন।

GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের
স্নাতক প্রথম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬

আবেদনের সময়সূচি: ১০-১২-২০২৫ তারিখ (বুধবার) দুপুর ১২:০০ টা হতে ২৪-১২-২০২৫ (বুধবার) রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে GST-গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য www.gstadmission.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করা যাবে। ইউনিট ভিত্তিক আবেদনের যোগ্যতা নিম্নরূপ:

ইউনিট ভিত্তিক আবেদনের যোগ্যতা
ইউনিট A: বিজ্ঞান শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.২৫ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৭.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখাসহ মাদ্রাসা বোর্ড (বিজ্ঞান) এবং ভোকেশনাল (এইচএসসি) বিজ্ঞান শাখা হিসাবে বিবেচিত হবে।
ইউনিট B: মানবিক শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক শাখাসহ মিউজিক, পার্শ্বস্থ অর্থনীতি এবং মাদ্রাসা বোর্ড (সাধারণ ও মুজাব্বিদ) মানবিক শাখা হিসাবে বিবেচিত হবে।
ইউনিট C: বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.২৫ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বাণিজ্য শাখাসহ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ব্যবসায় ব্যবস্থাপনা (এইচএসসি) এবং ডিপ্লোমা-ইন-কমার্স বাণিজ্য শাখা হিসাবে বিবেচিত হবে।
* জিসিই-এর ক্ষেত্রে আইজিসিএসই (ও লেভেল) পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাস এবং আইএএল (এ লেভেল) পরীক্ষায় কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাস থাকতে হবে। এক্ষেত্রে অনলাইনে সংশ্লিষ্ট নম্বরপত্র আপলোডসহ আবেদনের পর সমমান ও যোগ্যতা নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদনক্রমে আবেদন করতে হবে।

আবেদন করার নির্দেশিকা ও বিস্তারিত তথ্য GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য [GST Prospectus](#) এবং অনলাইনে আবেদনের নির্দেশিকা [Application Guideline](#) লিংকে পাওয়া যাবে।

[Start Application](#)

ধাপ-২: নিচের পেজটি প্রদর্শিত হবে। ইতিমধ্যে Applicant ID ও Password জেনে থাকলে তা সঠিকভাবে প্রদান করে নিচের **Login** বাটনে ক্লিক করুন। অন্যথায় **New Application** বাটনে ক্লিক করে নতুন আবেদন শুরু করুন।

Application / Login

SMS এর মাধ্যমে ইতিমধ্যে প্রাপ্ত Applicant ID ও Password ব্যবহার করে লগইন করুন।

Applicant ID ও Password জানা না থাকলে 'New Application' এ ক্লিক করুন

Applicant ID অথবা Password পুনরুদ্ধারের জন্য 'Recover Applicant ID/Password' লিংকে ক্লিক করুন

[New Application](#) [Recover Applicant ID/Password](#)

Applicant Login

Applicant ID

Password

[Back](#) [Login](#)

ধাপ-৩: নিচের পেজটি প্রদর্শিত হবে। আপনার এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যসমূহ (রোল নম্বর, পাশের সাল, বোর্ড) সঠিকভাবে প্রদান করে **Submit** বাটনে ক্লিক করুন।

Provide your SSC/Equivalent and HSC/Equivalent information

HSC/ সমমান এবং SSC/ সমমান পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সঠিক ভাবে প্রদান করতে হবে।

HSC/Equiv. Roll	<input type="text" value="HSC Roll"/>	SSC/Equiv. Roll	<input type="text" value="SSC Roll"/>
HSC/Equiv. Board	<input type="text" value="Please Select"/>	SSC/Equiv. Board	<input type="text" value="Please Select"/>
HSC/Equiv. Passing Year	<input type="text" value="Please Select"/>	SSC/Equiv. Passing Year	<input type="text" value="Please Select"/>

Submit →

ধাপ-৪: আপনার এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা সংক্রান্ত এবং অন্যান্য তথ্য প্রদর্শিত হবে যা মনোযোগ সহকারে যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যসমূহ নির্ভুল থাকলে **Mobile No. Verification** বাটনে ক্লিক করে আপনার মোবাইল নম্বর ভেরিফাই করুন। আবেদনের জন্য অগ্রসর হতে না চাইলে **Exit** বাটনে ক্লিক করুন।

এইচএসসি/এসএসসি (অথবা সমমান) সংক্রান্ত তথ্য

Applicant ID					
Applicant's Name					
Father's Name					
Mother's Name					

Exam	Roll	Board	Year	Group	GPA
HSC/Equiv.		BARISHAL	2022	SCIENCE	5.00
SSC/Equiv.		BARISHAL	2020	SCIENCE	5.00

আপনার মোবাইল নম্বর নিশ্চিত করতে নিচের "Mobile No. Verification" লিংকে ক্লিক করুন।

Mobile No. Verification

আবেদনযোগ্য ইউনিট

Unit	Group
Unit - A	Science

Exit

ধাপ-৫: নিচের পেজটি প্রদর্শিত হবে। আপনার (আবেদনকারীর নিজের অথবা অভিভাবকের) ১১ ডিজিটের মোবাইল নম্বরটি সঠিকভাবে প্রদান করুন। **Submit** বাটনে ক্লিক করুন।

আবেদনকারীর সঙ্গে সকল প্রকার যোগাযোগের জন্য প্রদত্ত মোবাইল নম্বর ব্যবহার করা হবে। মোবাইল নম্বরটি সতর্কতার সাথে নির্ভুলভাবে প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ভুল মোবাইল নম্বর প্রদানকারী প্রার্থীর সাথে পরবর্তীতে যোগাযোগ করা সম্ভব হবে না এবং এজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

মোবাইল নম্বর ভেরিফিকেশন

ভর্তি পরীক্ষার জন্য আবেদন শুরু করার পূর্বে আপনার মোবাইল নম্বর নিশ্চিত করুন।

- মোবাইল নম্বরটি অবশ্যই প্রার্থীর নিজের অথবা অভিভাবকের হতে হবে।
- প্রার্থী ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার যোগাযোগ প্রদত্ত মোবাইল নম্বরের মাধ্যমে করা হবে।
- একই মোবাইল নম্বর একাধিক প্রার্থীর জন্য ব্যবহার করা যাবে না।

মোবাইল নম্বর সতর্কতার সাথে প্রদান করুন।

Enter your Mobile No.

+88

Submit

ধাপ-৬: নিচের পেজটি প্রদর্শিত হবে। আপনার মোবাইলে ৪ ডিজিটের ভেরিফিকেশন কোড পাঠানো হয়েছে। কোডটি সঠিকভাবে লিখে **Verify** বাটনে ক্লিক করুন। মোবাইল নম্বর পরিবর্তন করতে চাইলে **Edit** বাটনে ক্লিক করে তা পরিবর্তন করা যাবে।

মোবাইল নম্বর ভেরিফিকেশন

আপনার মোবাইল ফোনে একটি ভেরিফিকেশন কোড পাঠানো হয়েছে। প্রাপ্ত কোডটি সঠিক ভাবে নিচের বক্সে লিখে "Verify" এ ক্লিক করলে ফিরতি SMS এ আপনাকে আপনার Applicant ID ও পাসওয়ার্ড পাঠানো হবে। কোডটি নিশ্চিত করুন। মোবাইল নম্বর ভুল হলে "Edit" লিংকে গিয়ে নম্বরটি সংশোধন করুন।

বিঃদ্রঃ মোবাইলে ভেরিফিকেশন কোড পৌঁছাতে সর্বোচ্চ ৫ মিনিট সময় লাগতে পারে। উক্ত সময়ের মধ্যে ভেরিফিকেশন কোড না পেলে [Resend Verification Code](#) এ ক্লিক করুন।

Mobile No. [Edit](#)

Enter Verification Code

9226

Verify

Please wait 04 min 29 sec to resend verification code

ধাপ-৭: মোবাইল নম্বর ভেরিফিকেশন সম্পন্ন হলে ভেরিফাইড মোবাইলে SMS-এর মাধ্যমে Applicant ID ও Password পাঠানো হবে যা পরবর্তীতে Login সহ অন্যান্য কাজে প্রয়োজন হবে। নিচের পেজটি প্রদর্শিত হবে। **Apply** বাটনে ক্লিক করুন।

এইচএসসি ও এসএসসি (অথবা সমমান) পরীক্ষা সংক্রান্ত তথ্য

আপনার মোবাইল নাম্বার ডেরিফিকেশন সম্পন্ন হয়েছে



Applicant ID	████
Applicant's Name	██████
Father's Name	████████
Mother's Name	██████████

Exam	Roll	Board	Year	Group	GPA
HSC/Equiv.	████	BARISHAL	2022	SCIENCE	5.00
SSC/Equiv.	████	BARISHAL	2020	SCIENCE	5.00

আবেদনযোগ্য ইউনিট

আবেদন সম্পন্ন করতে নিম্নের Apply বাটনে ক্লিক করুন।

Unit	Status	Action
Unit - A	Not Applied	Apply →

বিলের বিবরণ

এখনো আপনার কোন বিল প্রস্তুত হয়নি

Exit ↗

ধাপ-৮: নিচের পেজটিতে প্রদর্শিত নির্দেশনা অনুসরণ করে সঠিকভাবে ছবি আপলোড করতে হবে।

ফটো আপলোড

Upload/Change Photo তে ক্লিক করে আপনার ছবিটি আপলোড করতে হবে। আপলোডকৃত ছবি Photo Preview-তে দেখা যাবে।
প্রয়োজনে Upload/Change Photo তে ক্লিক করে ছবি পুনরায় আপলোড করা যাবে।



Photo Preview

Upload/Change Photo

Photo Requirements

- * ছবিটি 300x300 পিক্সেল আকারের হবে।
- * ছবির ব্যাকগ্রাউন্ড হালকা এক রঙের হতে হবে।
- * ছবির সাইজ 100 কিলোবাইটের বেশি হতে পারবে না।

Next →

Cancel ✕

ছবি আপলোডের পর নিচের পেজটি প্রদর্শিত হবে। প্রয়োজনে একাধিকবার ছবি আপলোড করা যাবে। ছবি আপলোডের পর নিচের **Next** বাটনে ক্লিক করতে হবে।

ফটো আপলোড

Upload/Change Photo তে ক্লিক করে আপনার ছবিটি আপলোড করতে হবে। আপলোডকৃত ছবি Photo Preview- তে দেখা যাবে।

প্রয়োজনে **Upload/Change Photo** তে ক্লিক করে ছবি পুনরায় আপলোড করা যাবে।




Photo Preview

Upload Successful

Upload/Change Photo

Photo Requirements

- * ছবিটি 300x300 পিক্সেল আকারের হবে।
- * ছবির ব্যাকগ্রাউন্ড হালকা এক রঙের হতে হবে।
- * ছবির সাইজ 100 কিলোবাইটের বেশি হতে পারবে না।

Next → Cancel ✕

ধাপ-৯: এরপর সেলফি আপলোডের জন্য নিচের পেজটি প্রদর্শিত হবে।

পদ্ধতি (ক) - ওয়েবক্যামযুক্ত কম্পিউটার/মোবাইলের ক্ষেত্রে “Capture/Change Selfie” বাটনে ক্লিক করলে ক্যামেরা চালু হবে এবং মুখমন্ডলের চারপাশে একটি নীল বক্স দেখা গেলে "বাংলাদেশ" শব্দটি উচ্চারণ করুন। অটোমেটিকভাবে আপনার সেলফি ধারণ করা হবে।

সেলফি আপলোড

Capture/Change Selfie তে ক্লিক করে আপনার এই ডিভাইসের ক্যামেরা দিয়ে সেলফি তুলুন। এই ডিভাইসে ক্যামেরা না থাকলে

Capture with another device এ ক্লিক দিয়ে পরবর্তী পেজে প্রদর্শিত QN কোডটি অন্য কম্পিউটার (ওয়েবক্যাম যুক্ত) /স্মার্ট ফোনের ক্যামেরা দিয়ে স্ক্যান করে সেখান থেকে সেলফি তুলুন। সেলফির মাধ্যমে প্রদত্ত ফটোটি পরবর্তীতে আবেদনকারীর বায়োমেট্রিক ভেরিফিকেশনে ব্যবহৃত হবে।





Photo Preview




Selfie Preview

Capture/Change Selfie

Capture with another device

← Back Next →

ছবিটি ঠিক থাকলে "Save" বাটনে চাপ দিয়ে সেলফি আপলোড সম্পন্ন করুন। অন্যথায় "Retake" বাটনে ক্লিক করে পুনরায় ছবি তুলুন।



পদ্ধতি (খ) - ব্যবহৃত ডিভাইসে ওয়েবক্যাম না থাকলে “Capture with another device” এ ক্লিক করে পরবর্তী পেজে প্রদর্শিত QR কোডটি স্মার্ট ফোনের ক্যামেরা দিয়ে স্ক্যান করে সেখান থেকে সেলফি আপলোড করতে হবে। QR কোডের নিচের "Copy URL Link" বাটনে ক্লিক করে লিঙ্কটি কপি করে অন্য ক্যামেরাযুক্ত ডিভাইসের মাধ্যমেও সেলফি আপলোড সম্পন্ন করা যাবে।

ধাপ-১০: এরপর নিচের পেজটি পাওয়া যাবে। যেখানে পছন্দের পরীক্ষাকেন্দ্র সিলেক্ট করা সহ নির্দেশনা অনুসারে অন্যান্য তথ্য যথা – প্রশ্নপত্রের ভাষা ও আর্কিটেকচার বিষয়ে ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা সংক্রান্ত তথ্যসমূহ প্রদান করতে হবে। আর্কিটেকচার বিষয়ে ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা দিতে ইচ্ছুক হলে অতিরিক্ত ৫০০.০০ টাকা বিল পরিশোধ করতে হবে। আবেদনের সময়সীমার মধ্যে login করে নিচের পেজে প্রদত্ত তথ্য পরিবর্তন করা যাবে।

পরীক্ষাকেন্দ্র ও অন্যান্য তথ্য

ভর্তি পরীক্ষা দেয়ার জন্য একজন শিক্ষার্থী যে কোনো একটি কেন্দ্র পছন্দ করতে পারবে। পছন্দকৃত কেন্দ্র চূড়ান্ত বলে বিবেচিত হবে, তা আর পরিবর্তন করা যাবে না

পছন্দের পরীক্ষা কেন্দ্রের নাম

Sunamgonj Science and Technology University, Sunamgonj

আপনি কি ইংরেজী ভাষায় অনুদিত প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক?

☐ Yes ☒ No

আপনি কি আর্কিটেকচার বিষয়ে ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা দিতে ইচ্ছুক?

☐ Yes ☒ No

← Back

Next →

Exit ↗

নিম্নে প্রদত্ত ২১টি পরীক্ষাকেন্দ্রের তালিকা হতে আবেদনকারী একটি মাত্র কেন্দ্র পছন্দ করতে পারবে।

ক্রমিক নং	পরীক্ষাকেন্দ্রের নাম	ভর্তি পরীক্ষার আসন সংখ্যা **		
		ইউনিট-A	ইউনিট-B	ইউনিট-C
১	ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া	--	--	--
২	মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল	--	--	--
৩	পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী	৭০০০	৭০০০	৭০০০
৪	নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী	---	---	---
৫	জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ	১০৫০০	১০৫০০	১০৫০০
৬	যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর	৭৫০০	৭৫০০	৭৫০০
৭	পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা	---	---	---
৮	বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর	---	---	---
৯	গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ	৪৫০০	৪৫০০	৪৫০০
১০	বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল	---	---	---
১১	রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি	১১২৫৬	১১২৫৬	১১২৫৬
১২	রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, সিরাজগঞ্জ	৮০০০	৮০০০	৮০০০
১৩	ইউনিভার্সিটি অফ ফ্রন্টিয়ার টেকনোলজি, বাংলাদেশ, গাজীপুর	৪২০০	৪২০০	৪২০০
১৪	নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা	২৫০০	২৫০০	২৫০০
১৫	জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর	৩৫০০	৩৫০০	৩৫০০
১৬	চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চাঁদপুর	২৭০০	২৭০০	২৭০০
১৭	কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ	৩০০০	৩০০০	৩০০০
১৮	সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সুনামগঞ্জ	৪২০০	৪২০০	৪২০০
১৯	পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর	১৫০০	১৫০০	১৫০০
২০	ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা	২৫০০০	৫০০০	৫০০০
২১	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	১৫০০	১০০০	১০০০

** ছয়টি পরীক্ষাকেন্দ্র (ক্রমিক নং ১, ২, ৪, ৭, ৮ ও ১০)-এর প্রত্যেকটিকে যে কোন সংখ্যক পরীক্ষার্থী তাদের পছন্দের পরীক্ষাকেন্দ্র হিসাবে নির্বাচন করতে পারবে। অন্যান্য কেন্দ্রে নির্ধারিত সংখ্যক (উপরের ছকে উল্লেখিত) পরীক্ষার্থী তাদের কেন্দ্র হিসাবে পছন্দ করার সুযোগ পাবে। আবেদন সম্পন্ন করার ক্রমানুসারের (আগে আবেদন সম্পন্ন করলে আগে পাবে) ভিত্তিতে কেন্দ্র পছন্দ করতে পারবে। সেক্ষেত্রে কোন কেন্দ্রের নির্ধারিত আসন সংখ্যা শেষ হলে সেই কেন্দ্রটি পরীক্ষা কেন্দ্রের তালিকায় পাওয়া যাবে না। তবে প্রত্যেক আবেদনকারী আবেদনের সময়সীমার মধ্যে তার পছন্দের কেন্দ্র পরিবর্তন করতে পারবে।

ধাপ-১১: উপরের **Next** বাটনে ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে। এখানে ছবিসহ সংশ্লিষ্ট সকল তথ্য পাওয়া যাবে। তথ্যসমূহ মনোযোগ সহকারে যাচাই করার জন্য অনুরোধ করা হলো। সকল তথ্য নির্ভুল থাকলে **Submit Application** বাটনে ক্লিক করুন। ভুল তথ্য প্রদান করে থাকলে **Back** বাটন ক্লিকের মাধ্যমে তা সংশোধন করতে পারবেন। আবেদনের জন্য অগ্রসর হতে না চাইলে **Exit** বাটনে ক্লিক করুন।

নিশ্চিতকরণ

আপনার প্রদত্ত তথ্য সতর্কতার সাথে পর্যালোচনা করুন। সকল তথ্য সঠিক থাকলে নিম্নের **Submit Application** বাটনে ক্লিক করুন।



Applicant ID	
Applicant's Name	
Father's Name	
Mother's Name	
Unit Applying	A
Payable Amount	Tk. 1500
Center Choice	Sunamgonj Science and Technology University, Sunamgonj
English Question	No
Architecture	No
Contact Number	

Exam	Roll	Board	Year	Group	GPA
HSC		BARISHAL	2022	SCIENCE	5.00
SSC		BARISHAL	2020	SCIENCE	5.00

[← Back](#) [Submit Application →](#) [Exit →](#)

ধাপ-১২: নিচের পেজটি প্রদর্শিত হবে। দরখাস্তটি দাখিল করা হয়েছে তবে নির্ধারিত সময়ের মধ্যে বিল পরিশোধ না করলে দাখিলকৃত দরখাস্ত বাতিল হবে। **Make Payment** বাটনে ক্লিক করে নির্দেশিত প্রক্রিয়ায় বিল পরিশোধ করা যাবে। **Download Acknowledgement Slip** বাটনে ক্লিকের মাধ্যমে আবেদনকারীর ছবি সম্বলিত স্লিপ ডাউনলোড করতে পারবেন। স্টুডেন্ট প্যানেল থেকেও পরবর্তীতে Acknowledgement Slip ডাউনলোড করা যাবে।

⚠️ ইউটিসি আবেদনের জন্য একটি বিল প্রস্তুত করা হয়েছে। বিল সংক্রান্ত তথ্য নিচে প্রদত্ত। এখনই বিল পরিশোধ করতে নিচের **Make Payment** এ ক্লিক করুন। বিলটি পরবর্তীতেও পরিশোধ করা যাবে।


বিলটি পরিশোধ না করলে আপনার আবেদনটি বাতিল হবে

Payslip Information	
Applicant ID	
Applicant's Name	
Unit Applied	A
Bill Amount	Tk. 1500


[⏏ Make Payment](#) [📄 Download Acknowledgement Slip](#)

[⏏ Back To Student Panel](#) [Exit →](#)

ধাপ-১২: বিল পরিশোধের জন্য **Make Payment** বাটনে ক্লিক নিচের পেজটি দেখা যাবে। নির্দেশিত প্রক্রিয়ায় বিল পরিশোধ করা যাবে।




ধাপ-১৩: বিল পরিশোধ সম্পন্ন হলে নিচের পেজটি দেখা যাবে। নির্দেশিত প্রক্রিয়ায় বিল পরিশোধ করা যাবে। **Download Acknowledgement Slip** বাটনে ক্লিকের মাধ্যমে আবেদনকারীর ছবি সম্বলিত স্লিপ ডাউনলোড করতে পারবেন। স্টুডেন্ট প্যানেল থেকেও পরবর্তীতে Acknowledgement Slip ডাউনলোড করা যাবে।



এরপর **Back to Student Panel** বাটনে ক্লিক নিচের পেজটি দেখা যাবে। যেখানে দরখাস্ত সম্পন্ন হওয়ার স্ট্যাটাস পরিলক্ষিত হয়।

এইচএসসি ও এসএসসি (অথবা সমমান) পরীক্ষা সংক্রান্ত তথ্য



Applicant ID	
Applicant's Name	
Father's Name	
Mother's Name	

Exam	Roll	Board	Year	Group	GPA
HSC/Equiv.		BARISHAL	2022	SCIENCE	5.00
SSC/Equiv.		BARISHAL	2020	SCIENCE	5.00

আবেদনযোগ্য ইউনিট

১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক ডিগ্রি পরীক্ষায় আপনার চূড়ান্ত আবেদন সম্পন্ন হয়েছে। পরীক্ষাকেন্দ্রের পছন্দক্রম ও অন্যান্য তথ্য আপডেটের জন্য নিচের **View Details/Update Exam Center** এ ক্লিক করুন।

Unit	Status	Action
Unit - A	Complete	View Details/Update Exam Center

বিলের বিবরণ

Purpose	Amount	Payment Status	Action
Unit- A	TK. 1500	Paid	download

[Exit](#)

ধাপ-১৪: ছবি পরিবর্তন করতে চাইলে **Change Photo** বাটনে ক্লিক করে তা পরিবর্তন করা যাবে। পরীক্ষাকেন্দ্র ও অন্যান্য তথ্য পরিবর্তন করার প্রয়োজন হলে **View details/Update** বাটনে ক্লিক করে তা সম্পন্ন করতে হবে।

- ক) আবেদনের করতে কোন সমস্যার সম্মুখীন হলে **Complain Box** ব্যবহার করে আপনার সমস্যার বিষয়টি জানাতে পারবেন। দ্রুততার সাথে সমস্যার সম্ভাব্য সমাধানের বিষয়ে পদক্ষেপ নেওয়া হবে। আপনি **Complain Tracking**-এর মাধ্যমে তা দেখতে পাবেন।
- খ) Applicant ID ও Password ভুলে গেলে **Recover Applicant ID/Password** বাটনে ক্লিক করে নির্ধারিত ধাপগুলো অনুসরণ করলে আবেদনকারীর মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে তা পাঠানো হবে।
- খ) মোবাইল নম্বর পরিবর্তনের প্রয়োজন হলে **Mobile No. Change** বাটনে ক্লিক করে নির্ধারিত ধাপগুলো অনুসরণ করে আবেদন করা যাবে।